গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
(www.rangamati.gov.bd)

নম্বর : ০৫.৪২.৮৪০০.০০০.৪০২.১৮.০০১৩.২৬. ৫৭৭

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩৩
২০ এপ্রিল ২০২৬

**"আদেশ"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আজ ২০ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত কাপ্তাই হ্রদ হতে মৎস্য আহরণে নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী কাপ্তাই হ্রদের মৎস্য সম্পদের সুষ্ঠু প্রজনন, বংশবৃদ্ধি, মজুদ এবং হ্রদের ভারসাম্য রক্ষার স্বার্থে আগামী ২৫ এপ্রিল ২০২৬ হতে আগামী ৩১ জুলাই ২০২৬ পর্যন্ত কাপ্তাই হ্রদের সমগ্র এলাকায় সকল প্রকার মৎস্য আহরণ, শুকানো/সংরক্ষণ, পরিবহন এবং বাজারজাতকরণ সম্পূর্ণরুপে নিষিদ্ধ ঘোষণা করা হলো।

ক) আগামী ২৪ এপ্রিল ২০২৬ তারিখ দিবাগত রাত ১২.০০ টার পর হতে মৎস্য আহরণ বন্ধ থাকবে এবং পরবর্তী দিন ২৫ এপ্রিল বিকাল ০৪:০০ টার মধ্যে মৎস্য পরিবহন সম্পন্ন করতে হবে;

খ) কাপ্তাই হ্রদ এলাকায় শুকানো মাছ ২৫ এপ্রিল ২০২৬ তারিখ বিকাল ০৪:০০ টার মধ্যে আবশ্যিকভাবে পরিবহন সম্পন্ন করতে হবে;

গ) নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

ঘ) মৎস্য আহরণ নিষিদ্ধকালীন রাঙ্গামাটি পার্বত্য জেলার সীমানার মধ্যে সকল বরফকল বন্ধ থাকবে;

ঙ) নির্ধারিত অভয়াশ্রমসমূহে সব সময়ের জন্য মৎস্য আহরণ পূর্বের মতোই বন্ধ থাকবে।

০২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

২০।৪।২৬

( নাজমা আশরাফী)
জেলা ম্যাজিস্ট্রেট
রাঙ্গামাটি পার্বত্য জেলা
ফোন: ০২৩৩৩৩৭১৬৩২, ফ্যাক্স: ০২৩৩৩৩৭১৬০৬
e-mail: dcrangamati@mopa.gov.bd

নম্বর : ০৫.৪২.৮৪০০.০০০.৪০২.১৮.০০১৩.২৬. ৫৭৭

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩৩
২০ এপ্রিল ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা
০২। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ঢাকা
০৪। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। রিজিয়ন কমান্ডার, ৩০৫ পদাতিক ব্রিগেড, রাঙ্গামাটি পার্বত্য জেলা
০৬। সেক্টর কমান্ডার, বর্ডার গার্ড বাংলাদেশ, সেক্টর সদর দপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা
০৭। চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা
০৮। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা
০৯। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা/খাগড়াছড়ি পার্বত্য জেলা
১০। পুলিশ সুপার, নৌ-পুলিশ, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
১১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১৩। ব্যবস্থাপক, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপণন কেন্দ্র, রাঙ্গামাটি পার্বত্য জেলা

১৪। ব্যবস্থাপক, কর্ণফুলী পানি বিদ্যুৎ কেন্দ্র, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা

১৫। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য গবেষণা ইনস্টিটিউট, রাঙ্গামাটি পার্বত্য জেলা

১৬। জেলা মৎস্য কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা। (নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

১৭। উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাঙ্গামাটি পার্বত্য জেলা- (বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

১৮। উপজেলা নির্বাহী অফিসার, ................................(সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা (নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

১৯। অফিসার-ইন-চার্জ, ...............................থানা (সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা (নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

২০। সভাপতি/সম্পাদক, মৎস্যজীবী সমবায় সমিতি,...........................................রাঙ্গামাটি পার্বত্য জেলা

২১। সভাপতি/সম্পাদক, বরফকল সমবায় সমিতি, রাঙ্গামাটি পার্বত্য জেলা/খাগড়াছড়ি পার্বত্য জেলা

২০।৪।২৬

জেলা ম্যাজিস্ট্রেট

রাঙ্গামাটি পার্বত্য জেলা